

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির এপ্রিল/২২ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: আরতি দত্ত  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর

সভার স্থান: উপজেলা পরিষদ, সম্মেলন কক্ষ, ঝিনাইদহ।  
সভার তারিখ: ১৮/০৪/২০২২  
সভার সময়: ২-৩০

সভায় উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দৃষ্টব্য।

নং	নাম	পদবী	উপস্থিত/অনুপস্থিত।
১	২	৩	৪
০১	মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর	সভাপতি	উপস্থিত
০২	চেয়ারম্যান, ঘোড়শাল ইউনিয়ন	সদস্য	উপস্থিত
০৩	চেয়ারম্যান, সুরাট ইউনিয়ন	সদস্য	উপস্থিত
০৪	চেয়ারম্যান, পাগলাকানাই ইউনিয়ন	সদস্য	উপস্থিত
০৫	আব্দুল হাই সিদ্দিক, উপজেলা সমাজসেবা অফিসার, সদর	সদস্য-সচিব	উপস্থিত

আলোচ্য সূচী:


১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদন।

২। বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী (সকল) ভাতা প্রদান সংক্রান্ত এপ্রিল/২২ মাসের স্থায়ী কমিটির আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

৩। বিবিধ।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি এর পর সভা সম্পর্কে সদস্যসচিব জনাব আব্দুল হাই সিদ্দিক, উপজেলা সমাজ সেবা অফিসার, ঝিনাইদহ সদর, এর নিকট বিস্থারিত জানতে চাইলে সভা সম্পর্কে তিনি সভাপতি অনুমোতিক্রমে সভায় উপস্থিত সকল সদস্যদের জ্ঞাতার্থে জানান যে, ঝিনাইদহ সদর উপজেলায় মোট - ১৮৭২১ জন বয়স্ক ভাতা, ১১২৩৮ জন বিধবা ভাতা এবং -৬৬৫৫ জন প্রতিবন্ধীভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি--১৬৫ জন, অনগ্রসর ভাতা-৯০ জন, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি- ৭৪ জন ও ০৪ জন হিজড়া নিয়মিতভাবে ভাতা ও শিক্ষা উপবৃত্তি পাচ্ছেন। ২২-২৩- অর্থ বছরে বয়স্ক/ বিধবাভাতার কোন নতুন বরাদ্দ পাওয়া যায়নি। বর্তমানে বয়স্ক ও প্রতিবন্ধী ও বিধবা ভাতা প্রদানের কার্যক্রম সুষ্ঠুভাবেই চলছে। কেউ মৃত্যু বরণ করলেও সে ক্ষেত্রেও প্রতিস্থপন কাজটি যথারীতি নীতিমালা আলোকে সুষ্ঠুভাবে সম্পন্ন করে ভাতা প্রদানের কাজটি চলছে। সভায় ঘোড়শাল ইউনিয়নের চেয়ারম্যান জনাব জনাব মো: পারভেজ মাসুদ মহোদয় আরো জানান যে, কোন ব্যক্তি মারা গেলে তার স্থলে প্রতিস্থাপন কাজটি দ্রুত সম্পন্ন করা তথা সকল ভাতাভোগীগণ যাতে সময় মতো ভাতা পান এবং কোন হয়রানি না হন সে ব্যাপারেও সভায় তিনি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন এবং এ বিষয়ে বিস্থারিত আলোচনা হয় এবং এ বিষয় সদস্য সচিব কে অনুরোধ করা হয়। সকল প্রকার ভাতা প্রদান নীতিমালা আলোকে সুষ্ঠুভাবে সম্পন্ন হওয়ার কারণে সভায় সন্তোষ প্রকাশ করা হয়।


পরিশেষে সভার আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
১৮/০৪/২২  
আব্দুল হাই সিদ্দিক  
উপজেলা সমাজসেবা অফিসার  
ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ

১। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।

২। চেয়ারম্যান,-----পাগলাকানাই/সুরাট/ঘোড়শাল

  
আরতি দত্ত  
তারিখ: ১৮/০৪/২০২২  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, ঝিনাইদহ সদর, ঝিনাইদহ।